# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.khagracharipourashava.gov.bd

"উন্নয়নের গণতন্ত্র,
শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নং-খা.পৌ.কা.৪৭০৭(ক)১০ তারিখঃ ১৯/০৭/২০২২

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী:

সভাপতি : সালেহা রহমান
কাউন্সিলর স.আ.নং-১ ও) সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ,খাগড়াছড়ি পৌরসভা।

স্থান : পৌর সম্মেলন কক্ষ
তারিখ : ১৪-জুলাই-২০২২ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার উপস্থিতি "ক" পরিশিষ্ট পাতায় দেখানো হল।
সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী -১ : কম্পিউটার ও সেলাই সেন্টার সংস্কার সংক্রান্ড় ।**

**আলোচনা:-** সদস্য সচিব প্রভাত তালুকদার শুরুতে পূর্ব সভার রেজুলেশন পাঠ ও অনুমোদনের প্রস্ড়াব করেন এবং আলোচ্যসূচী নিয়ে সদস্য সচিব বলেন স্থাযী কমিটির অধীনে সেলাই ওকম্পিউটার প্রশিক্ষণ সেন্টারে বিদ্যুৎ ও রুম সংস্কারে প্রয়োজন রয়েছে বর্তমানে বিদ্যুৎ সং যোগ বিচ্ছিন্ন রয়েছে এবং রুমের চুনকাম, এবং কিছু আসবাবপত্র নষ্ট হয়ে গেছে। সমস্য নিরসন করে প্রশিক্ষন নিয়মিত চলমান রাখার প্রস্ড়াব করেন।

**সিদ্ধান্ড় :-** সকলের আলোচনা ও সম্মতিতে পূর্ব সভার রেজুলেশন অনুমোদন এবং মেয়র মহোদয় বিষয়টি গুরুত্বসহাকরে নেয়ার জন্যসভাপতির দৃষ্টি আর্কষণ করেন এবং আনীত সমস্য সমূহ দ্রুত সময়ে সম্পাদনের জন্য সদস্য সচিবতে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ড় হয়।

**বাস্ড়বায়নে:-** মেয়র,পৌর নির্বাহী কর্মকর্তা,নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ও সদস্য সচিব।

**আলোচ্যসূচী-০২:বিবিধ**।

**আলোচনা ঃ-** বিবিধ আলোচনায় মেয়র বলেন এই প্রশিক্ষন কেন্দ্র থেকে আমাদের উদ্যোক্তা তৈরী করতে পারে যাতে তারা নিজেরা উদ্যেগী হয়ে উর্পাজন করবে এবং অন্যেদের ও প্রশিক্ষন দেয়ার সার্মথ্য রাখবে। সভাপতি বলেন জেন্ডার এ্যাকশন প- ান বাস্ড়বায়নে সকল সদস্যদের কমিটিকে সর্বাত্মক সহযোগিতা দরকার।

**সিদ্ধান্ড় ঃ** উদ্যেক্তাদের পৌরসভার পক্ষ থেকে সকল প্রকার সহযোগিতা ও প্রশিক্ষন কার্যক্রম আরো ব্যাপকভাবে প্রচার করার বিষয়ে সিদ্ধান্ড় হয়।

**বাস্ড়বায়নেঃ-** মেয়র, ওয়ার্ড কাউন্সিলর, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি।

সভাশেষে কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সালেহা রহমান)
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
খাগড়াছড়ি পৌরসভা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

০১। মেয়র মহোদয়, খাগড়াছড়ি পৌরসভা।
০২। জনাব/জনাবা ........................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
০৩। জনাব/জনাবা ........................................................... খাগড়াছড়ি পৌরসভা।
০৪। অফিস কপি।

# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.khagracharipourashava.gov.bd

"উন্নয়নের গণতন্ত্র,
শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নং-খা.পৌ.কা.৬০৪১(ক)১০ তারিখঃ১৭/০৮/২০২২

## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী:

সভাপতি : সালেহা রহমান
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি,
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি,খাগড়াছড়ি পৌরসভা।

স্থান : পৌর সম্মেলন কক্ষ
তারিখ : ১০-আগস্ট-২০২২ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার উপস্থিতি "ক" পরিশিষ্ট পাতায় দেখানো হল।
সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী -১ : ২১তম সেলাই প্রশিক্ষনার্থীর পরীক্ষা গ্রহন সংক্রান্ড় ।**

**আলোচনা:-** সদস্য সচিব প্রভাত তালুকদার উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমে পূর্ব সভার রেজুলেশন পাঠ ও অনুমোদনের প্রস্ড়াব করেন এবং আলোচ্যসূচী নিয়ে বলেন ইতিমধ্যে সেলাই প্রশিক্ষনের চলমান ব্যাচের প্রশিক্ষন মেয়াদ এই মাসেই শেষ হবে তাই এদের পরীক্ষা গ্রহনের তারিখ নির্ধারনের অনুরোধ করেন। এবিষয়ে মেয়র মহোদয়রে দৃষ্টি আর্কষণ করলে মহোদয় বলেন চলতি মাসের শেষেই পরীক্ষা গ্রহনের প্রস্ড়াব প্রদান করেন।

**সিদ্ধান্ড় :-**সকলের আলোচনা ও সম্মতিতে পূর্ব সভার রেজুলেশন অনুমোদন ও সভাপতির প্রস্ড়াবটিকে গুরুত্বসহাকারে নিয়ে চলতি ৩০-৩১ তারিখে ২১তম ব্যাচ শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহনের সিদ্ধান্ড় হয়।

**বাস্ড়বায়নে:-** পৌর নির্বাহী কর্মকর্তা, সদস্য সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি।

**আলোচ্যসূচী-০২:বিবিধ।**

**আলোচনা ঃ-** আলোচনায় সভাপতি বলেন পূর্ব সভার আলোচনা ও সিদ্ধান্ড় মোতাবেক ওয়ার্ড ভিত্তিক চিকিৎসা সেবার দেয়ার কথা থাকলেও সেটি এখনো কার্যকর হচ্ছে না এবিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আর্কষন করে দ্রুত বাস্ড়বায়নের অনুরোধ করেন।

**সিদ্ধান্ড় :-** সভাপতির প্রস্ড়াবটিকে গুরুত্বসহাকারে নিয়ে মেয়র মহোদয় অচিরেই এই বিষয়টি বাস্ড়বায়নের জন্য পৌর নির্বাহী কর্মকর্তা ও পৌরসভা মেডিকেল অফিসারকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ড় হয়।

**বাস্ড়বায়নেঃ-** পৌর নর্বিহী কর্মকর্তা, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সু-স্বাস্থ্য কামনা করেন ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সালেহা রহমান)
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
খাগড়াছড়ি পৌরসভা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

০১। মেয়র মহোদয়, খাগড়াছড়ি পৌরসভা।
০২। জনাব/জনাবা ................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
০৩। জনাব/জনাবা ................................................................. খাগড়াছড়ি পৌরসভা।
০৪। অফিস কপি।

# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.khagracharipourashava.gov.bd

"উন্নয়নের গণতন্ত্র, শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নং-খা.পৌ.কা.৩২২৪(ক)/১০ তারিখঃ ১১/০৯/২০২২

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী:

সভাপতি : সালেহা রহমান
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি,
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ,খাগড়াছড়ি পৌরসভা।

স্থান : পৌর সম্মেলন কক্ষ
তারিখ : ০৫সেপ্টেম্বর-২০২২ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার উপস্থিতি "ক" পরিশিষ্ট পাতায় দেখানো হল।

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী -১ :ত্রৈমাসিক উঠান বৈঠক ও বৈঠকে আনীত প্রস্তাব সংক্রান্ত ।**

**আলোচনা:-** সদস্য সচিব সভার শুরুতে সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যক্রম শুরু করেন। পূর্ব সভার রেজুলেশন পাঠ ও অনুমোদনের প্রস্তাব করেন এবং আলোচ্যসূচী নিয়ে সভাপতি বলেন উঠান বৈঠক পালনের নির্দেশ পত্র পেয়েছি চলতি মাসেই আমাদের উঠান শেষ করতে হবে। সকল সদস্যদের স্ব স্ব ওয়ার্ডে উঠান বৈঠক পালনের অনুরোধ করেন। বৈঠক পালন করতে গেলে নানা ধরনের চাহিদা ও অভিযোগ উঠে আসে বিশেষ করে পৌরসেবা পরিস্কার পরিচ্ছন্ন, লাইটিং নিয়ে মহিলারা কথা বলেন এবিষয়ে ব্যবস্থা নিতে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত ঃ** পূর্ব সভার রেজুলেশন অনুমোদন এবং কমিটির সদস্যগন স্ব স্ব ওর্য়াডে যথা নিয়মে স্বাস্থ্যবিধি মেনে উঠান বৈঠক পালনের সিদ্ধান্ত হয়। এবং প্রতিটি এলাকায় কাউন্সিলরগন কাজের তদারকি ও চাহিদা প্রদানের সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নে:-** নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, ওয়ার্ড কাউন্সিলর ।

**আলোচ্যসূচী-০২:বিবিধ আলোচনা**

**আলোচনা ঃ-** আলোচনায় সদস্য সচিব উপরের আলেচ্যসূচীর আলোকে আরো বলেন যে, জনগনকে জন্ম নিবন্ধন সংক্রান্ত সঠিক সেবা বা তথ্য প্রদানে আমরা অনেকে গড়িমসি করি। এবিষয়ে উপস্থিত সদস্যগন একমত পোষন করে বলেন যারা কাজ করছেন তাদের অনেকে জনগনের সাথে ভালো ব্যবহার করেন না। এ বিষয়ে ব্যবস্থা গ্রহনে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করলে মেয়র মহোদয় বলেন- পৌরসভার কাজে কোন ধরনের গাফলতি সহ্য করা হবে না। যিনি অবহেলা করবেন তার জন্য বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে। যাতে নাগরিক সঠিক তথ্য ও সেবা পায় সে বিষয়ে কাউন্সিলরবৃন্দদের ও সহযোগিতা করার অনুরোধ করেন। ।

**সিদ্ধান্ত ঃ** পৌরসভার প্রতিটি ওর্য়াড বৈঠকে পৌরসেবা সম্পর্কে অবগত করা এবং কোন নাগরিক যাতে পৌরসভার সেবা হতে বঞ্চিত না হয় সে বিষয়ে সঠিক তদারিক রাখার জন্য পৌর নির্বাহী কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নেঃ- ওয়ার্ড কাউন্সিলর, পৌর নির্বাহী কর্মকর্তা, জন্ম মৃত্যু নিবন্ধন শাখা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সালেহা রহমান)
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
খাগড়াছড়ি পৌরসভা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

০১। মেয়র মহোদয়, খাগড়াছড়ি পৌরসভা।
০২। জনাব/জনাবা ............................................... সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
০৩। অফিস কপি।